



# PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

## অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

মে ০৬, ২০২৫

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার রেগুলেটরী সংস্থা এমআর এর বিধিমালা অনুযায়ী সংস্থার কিছু পালনীয় বিষয় রয়েছে প্রশিকার ঐ সকল সূচকের কোন কোনটির ঘাটতি রয়েছে যা সংশোধন প্রয়োজন। তাছাড়া ক্ষুদ্রঋণ কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নীতিমালা কিছু পরিবর্তন বা সংযোজন প্রয়োজন আছে তা নিম্নে উল্লেখ করা হলো-

১. অনেক শাখার ঋণী সদস্যের তুলনায় সদস্য সংখ্যা অনেক বেশি আছে। তাছাড়া এমন অনেক সমিতি বা সদস্য রয়েছে যাদের দীর্ঘদিন যাবৎ প্রশিকার সাথে কোন লেনদেন নাই। এমআরএর, বিধিমালা অনুযায়ী সাধারণ সদস্য ও ঋণী সদস্যের হার হতে হবে কমপক্ষে ৭০%। প্রশিকার এই হার অনেক কম। শুধুমাত্র অসচেনতার জন্যই এই অবস্থা। তা দ্রুত সংশোধনের উদ্যোগ নিতে হবে। আগামী ৩১ মে-২০২৫ তারিখের নিম্নোক্ত কাজগুলো অবশ্যই করতে হবে।
  - ক) সে সকল সমিতিতে কোন সদস্য নাই শুধুমাত্র একটি কোড নম্বর আছে তার তালিকা করে সংশ্লিষ্ট পরিচালকের অনুমোদন নিয়ে অবলোপন করতে হবে।
  - খ) সে সকল সদস্যের কোন ঋণ নাই এবং যারা জানুয়ারি-২৩ হতে এপ্রিল-২৫ পর্যন্ত কোন সঞ্চয় জমা বা লেনদেন করেন নাই তাদের একটি তালিকা তৈরি করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্রীয় ব্যবস্থাপকের অনুমোদন নিয়ে তাদের নামে সঞ্চয় জমা থাকলে তা বিবিধ খাতে স্থানান্তর করে ড্রপ-আউট করতে হবে। অর্থাৎ প্রতিটি শাখার সদস্য সংখ্যা ও ঋণী সদস্যের হার ৭০% এর নীচে থাকা যাবে না।
২. আপনারা আরও অবগত আছেন যে প্রশিকার সাংগঠনিক নীতিমালা অনুযায়ী একই পরিবারের দুই জন সদস্য প্রশিকার সমিতির সদস্য হতে পারে। একই পরিবারের দুই জন সদস্য অর্থাৎ একজন নারী এবং একজন পুরুষ সদস্য হতে পারলেও একজনকে ঋণের আওতায় আনা যাবে। উপর্যুক্ত বিষয়গুলো অমান্য করা হলে প্রশাসনিক অনিয়ম হিসেবে বিবেচনা করা হবে।
৩. বর্তমান নীতিমালা অনুযায়ী ঋণ প্রদানের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের হার যে কোন পরিমানের ক্ষেত্রে ঋণের ১০%। যদি কোন বিশেষ প্রয়োজনে ঋণ দেয়ার প্রয়োজন হয় তবে তার কম থাকলেও সংশ্লিষ্ট কেন্দ্রীয় ব্যবস্থাপকের অনুমোদন নিয়ে ঋণ দেয়া যাবে।
৪. জামিনদার : ঋণ প্রশাসন নীতিমালায় যাই থাকুক না কেন এখন থেকে জামিনদারের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা কার্যকর হবে:
  ১. একলক্ষ বা তার নীচের ঋণের ক্ষেত্রে একজন জামিনদার নিলেই চলবে কিন্তু জামিনদার পরিবারের বাইরের পূর্ণবয়স্ক সক্ষম ব্যক্তি হতে হবে।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

Liaison Office: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6



# PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

২. একলক্ষ টাকার উপর ঋণের ক্ষেত্রে ২জন জামিনদার হতে হবে। দুইজনের একজন হবে পরিবার থেকে অপরজন হবে পরিবারের বাহির থেকে।

৫. ঋণ অনুমোদন ক্ষমতা :

ব্যবস্থাপকদের একক ঋণ অনুমোদন ক্ষমতা হবে নিম্নরূপ :

১. শাখা ব্যবস্থাপক	১,৫০,০০০/= টাকা পর্যন্ত
২. এলাকা ব্যবস্থাপক	৫,০০,০০০/= টাকা পর্যন্ত
৩. বিভাগীয় ব্যবস্থাপক	৭,০০,০০০/= টাকা পর্যন্ত
৪. কেন্দ্রীয় ব্যবস্থাপক	১০,০০,০০০/= টাকা পর্যন্ত
৫. পরিচালক/উর্ধ্বতন পরিচালক	২০,০০,০০০/= টাকা পর্যন্ত
৬. উপ-প্রধান নির্বাহী	৪০,০০,০০০/= টাকা পর্যন্ত
৭. প্রধান নির্বাহী	সকল অংকের টাকা

৬. শাখা ব্যবস্থাপকদের অনুমোদন ক্ষমতা :

ক) পাঁচ হাজার পর্যন্ত নগদ পিএসএস উত্তোলন অনুমোদন দিতে পারবেন।


খ) মেয়াদ কালীন ঋণ স্থিতির ১০% পিএসএস জমা রেখে বিশেষ প্রয়োজনে অতিরিক্ত পিএসএস ঋণের সাথে সমন্বয় অনুমোদন দিতে পারবেন।

গ) নূতন সমিতি গঠন বা সমিতিতে নূতন সদস্য অন্তর্ভুক্তিকরণ অনুমোদন দিবেন শাখা ব্যবস্থাপক।

শাখা ব্যবস্থাপকের অন্যান্য অনুমোদন ক্ষমতা অপরিবর্তিত থাকবে।

উক্ত নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

ধন্যবাদ-

  
সিরাজুল ইসলাম  
প্রধান নির্বাহী  
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.

Liaison Office: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6